# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ১৯. দাউদের বন্দিদের সংখ্যা বর্ণনায় বৈপরীত্য

২ শমূয়েলের ৮ম অধ্যায় এবং ১ বংশাবলি ১৮ অধ্যায় উভয় স্থানে দাউদের দিগ্বিজয়ের বর্ণনা দেওয়া হয়েছে। উভয় অধ্যায়েই একই বিষয় বর্ণনা করা হয়েছে, তবে উভয়ের মধ্যে অনেক বৈপরীত্য বিদ্যমান। পাঠক অধ্যায় দুটো মিলিয়ে পড়লে অনেক বৈপরীত্য দেখবেন। এখানে একটা নমুনা উল্লেখ করছি।

২ শামুয়েল ৮/৪ বলছে: ‘‘দাউদ তাঁর এক হাজার সাতশো ঘোড়সওয়ার এবং বিশ হাজার পদাতিক সৈন্য আটক করলেন।’’। (মো.-১৩)

আর ১ খান্দাননামা ১৮/৪ বলছে: ‘‘দাউদ তাঁর এক হাজার রথ, সাত হাজার ঘোড়সওয়ার এবং বিশ হাজার পদাতিক সৈন্য আটক করলেন।’’ (মো.-১৩)

এক হাজার সাত শত (১,৭০০) বনাম সাত হাজার (৭,০০০)! স্কট বিডস্ট্রাপ (Scott Bidstrup) এ প্রসঙ্গে উল্লেখ করেছেন যে, কোনো খ্রিষ্টান প্রচারক এ বৈপরীত্যের কোনোরূপ ব্যাখ্যা দেননি। তিনি বলেন: “The accounts disagree. If God is the author of both accounts, why do they disagree?” ‘‘দুটো বিবরণ পরস্পর বিরোধী। ঈশ্বরই যদি দুটো বিবরণের লেখক হন, তবে তা পরস্পরবিরোধী হল কিভাবে?’’ (http://www.bidstrup.com/bible2.htm)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13976

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন